

# ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে ফার্মা কার্নিভাল

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ফার্মেসি বিভাগে অনুষ্ঠিত হলো সপ্তাহব্যাপী একাডেমিক উৎসব 'ফার্মা কার্নিভাল-২০১৮'।



বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ৩-৯ মে পর্যন্ত চলে উৎসবের অনুষ্ঠান। অনুষ্ঠানে ছিল ফার্মা অলিম্পিয়াড, গানের প্রতিযোগিতা, পোস্টার প্রদর্শনী, সমাপনী পুরস্কার বিতরণী অনুষ্ঠান এবং সাংস্কৃতিক অনুষ্ঠান। ৯ মে সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি

ছিলেন ট্রাস্টকম গ্রুপের চেয়ারম্যান লতিফুর রহমান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ট্রাস্টি বোর্ডের চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. মোহাম্মদ ফরাসউদ্দিন।